রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪৩০/ ০৫ ফেব্রুয়ারি ২০২৪

নং **০৩.০৪২.২৬৯০.০৮১.০৪৬.০০৬.২০২০(অংশ-২)-১৩**—সরকার বাংলাদেশের নদী-নালা, খাল-বিল, ঝিল-জলাশয় ও জলাধারসমূহের সুরক্ষায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহে পৃথক পৃথক 'বাস্তবায়ন কমিটি' গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. এতদুদ্দেশ্যে, প্রকল্প বাস্তবায়নকারি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সচিব স্ব-স্ব মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় সংখ্যক সদস্য অন্তর্ভুক্ত করে স্ব-স্ব মন্ত্রণালয়/ বিভাগে একটি 'বাস্তবায়ন কমিটি' গঠন করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সচিব এ কমিটির সভাপতি হবেন।

**কমিটির কার্যপরিধি :**

১. বাস্তবায়ন কমিটি বিবেচ্য বিষয়ে :

ক. কৌশলগত জরিপ পরিচালনা, অধিক্ষেত্রাধীন স্থানসমূহ পুনরুদ্ধার, সংস্কার ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকল্পে যাবতীয় দায়িত্ব পালন করবে;

খ. নিজ অধিক্ষেত্রাধীন বিষয়ের মাস্টার প্ল্যান প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়ন করবে;

গ. বিবেচ্য বিষয়ের আওতায় যেকোন পরিকল্পনা বা কর্মসূচি বা প্রকল্প গ্রহণের পূর্বে তা যাচাই-বাছাই ও চিহ্নিতকরণের জন্য কারিগরি ও সমন্বয় কমিটির নিকট উপস্থাপন করবে এবং এরূপ বাছাইকৃত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণকালে কারিগরি ও সমন্বয় কমিটির প্রয়োজনীয় সুপারিশ গ্রহণ করবে;


মূল্য : টাকা ৪.০০

ঘ. গৃহীত/ গৃহীতব্য পরিকল্পনা/ কার্যক্রম/ প্রকল্পের ক্ষেত্রে দ্বৈততা (overlapping) কিংবা এতদ্বসংশ্লিষ্ট বিষয়ে আন্ত:মন্ত্রণালয়/ বিভাগ বিরোধ দেখা দিলে তা নিরসনে বিষয়টি/ বিষয়সমূহ কারিগরি ও সমন্বয় কমিটির নিকট উপস্থাপন করবে।

ঙ. কারিগরি ও সমন্বয় কমিটির নিকট গৃহীত পরিকল্পনা/ কার্যক্রম/ প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবে;

চ. বাস্তবায়ন কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কমিটির সঙ্গে সমন্বয় করে কার্য সম্পন্ন করবে।

২. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি**
মহাপরিচালক (প্রশাসন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd